দৈনিক বাংলা

তারিখ 13 JUN 1995
পৃষ্ঠা ২ কলাম ৭

05

## ছাত্রী উপবৃত্তির টাকা প্রদান প্রসঙ্গে

সরকার পৌর এলাকার বাহিরের নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রীদের যে উপবৃত্তি প্রদান করিতেছে উহার টাকা উত্তোলন করিতে যাইয়া, অনেক ক্ষেত্রেই যাতায়াত ও অন্যান্য খরচ মিলাইয়া ছাত্রীদের বৃত্তির সমান বা অর্ধেকের বেশী টাকা খরচ হইয়া যায়। ফলে এই বৃত্তি ছাত্রীদের তেমন কোন উপকারে আসিতেছে না। টাকা উঠাইতে হইলে কয়েক কপি ছবিসহ ব্যাংকে আসা-যাওয়া করিতে হয়। কোন কোন স্থানে থানা বা জেলা শহরে হইলে ৮।৯ মাইল বা আরও বেশী পথ পায়ে হাঁটিতে হয়। তাহাছাড়া স্কুলের সকল বৃত্তি পাওয়ার যোগ্য ছাত্রীকে লইয়া একই দিনে থানা বা জেলা শহরে উপস্থিত হওয়া কম ঝামেলার ব্যাপার নয়। তাই আমি মনে করি, এই উপবৃত্তির টাকা এইভাবে প্রদান না করিয়া একই বিদ্যালয়ের সকল ছাত্রীর উপবৃত্তির টাকা হিসাব করিয়া একটি মাত্র চেকের মাধ্যমে স্কুল প্রধানের নিকট প্রেরণ করিলে ভাল হয়। প্রস্তাবটি বিবেচনা করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আবেদন জানাইতেছি।

—মো: জাহাঙ্গীর, জীবনগঞ্জ বাজার, ব্রাহ্মণবাড়িয়া।